ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-১৭৮১

আগরতলা, ২৭ জুলাই, ২০২৬

**ড. শ্যামাপ্রসাদ মুখার্জি আগরতলা সিভিল হাসপাতালে উন্নত স্বাস্থ্য পরিষেবায় সন্তুষ্ট রোগীরা**




ড. শ্যামাপ্রসাদ মুখার্জি আগরতলা সিভিল হাসপাতালে চিকিৎসা সহ অন্যান্য স্বাস্থ্য পরিষেবা প্রদান অব্যাহত রয়েছে। চিকিৎসক, নার্সিং অফিসার এবং অন্যান্য স্বাস্থ্যকর্মীদের আন্তরিক প্রচেষ্টায় হাসপাতালটি আধুনিক, উন্নত ও সহজলভ্য স্বাস্থ্য পরিষেবা প্রদানে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। রাজ্যের সর্বস্তরের মানুষের দোরগোড়ায় মানসম্মত স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দেওয়ার লক্ষ্যে উন্নত স্বাস্থ্য পরিকাঠামো গড়ে তোলার পাশাপাশি স্বাস্থ্য পরিষেবার সম্প্রসারণে এই হাসপাতাল রাজ্য সরকারের অন্যতম গুরুত্বপূর্ণ উদ্যোগ।

আজ আগরতলার বনকুমারী এলাকার বাসিন্দা অমৃত ঘোষ(৪৫) চর্মরোগজনিত সমস্যার চিকিৎসার জন্য হাসপাতালের চর্মরোগ ডিপার্টমেন্টের বিশেষজ্ঞ চিকিৎসক ডাঃ অন্বেষা রায় বর্ধনের কাছে চিকিৎসা পরিষেবা গহণ করেন। চিকিৎসা পরিষেবা গ্রহণ করে তিনি বলেন, ‘এখানে চিকিৎসার মান অত্যন্ত ভালো, ডাঃ অন্বেষা রায় বর্ধনের চিকিৎসা ও পরামর্শে তিনি খুবই সন্তুষ্ট। চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের ব্যবহার খুব ভালো।’

দক্ষিণ বড়জলার বাসিন্দা প্রিয়াঙ্কশিখা দেবনাথের(৭) মা মেয়ের চিকিৎসার জন্য আগরতলা সিভিল হাসপাতালের পেডিয়াট্রিক্স ডিপার্টমেন্টে নিয়ে আসেন। শিশুরোগ বিশেষজ্ঞ চিকিৎসক ডাঃ অরূপ রায়কে দেখান। তাঁর তত্ত্বাবধানে তাঁর মেয়ে বর্তমানে চিকিৎসাধীন রয়েছে। হাসপাতালের চিকিৎসা পরিষেবা সম্পর্কে সন্তোষ প্রকাশ করে তিনি বলেন, ‘এখানকার চিকিৎসা পরিষেবা, চিকিৎসক-স্বাস্থ্যকর্মীদের আন্তরিক ব্যবহার এবং হাসপাতালের পরিচ্ছন্ন পরিবেশ সত্যিই প্রশংসনীয়। এখানে আমি মান সম্পন্ন পরিষেবা পেয়েছি।’ তিনি হাসপাতালের সার্বিক ব্যবস্থাপনা ও স্বাস্থ্য পরিষেবার ভূয়সী প্রশংসা করেন।

অন্যদিকে দিলীপ ঘোষ (৫৭) প্রথমবার আগরতলা সিভিল হাসপাতালের চক্ষুরোগ ডিপার্টমেন্টে চোখের সমস্যার জন্য চক্ষুরোগ বিশেষজ্ঞ চিকিৎসক ডাঃ অমিত কুমার দাসের কাছে আসেন। প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষার পর তাঁর শারীরিক অবস্থার মূল্যায়ন করে উন্নত চিকিৎসার জন্য আইজিএম হাসপাতালে যাওয়ার পরামর্শ দেওয়া হয়। চিকিৎসা গ্রহণের পর দিলীপ ঘোষ বলেন, ‘এই হাসপাতালের চিকিৎসা পরিষেবা অত্যন্ত ভালো। চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের ব্যবহার আন্তরিক এবং হাসপাতালের পরিবেশও খুব সুন্দর। এখানে এসে তিনি অত্যন্ত সন্তুষ্ট।’ ভবিষ্যতেও সাধারণ মানুষ এই হাসপাতালের পরিষেবা গ্রহণ করে উপকৃত হবেন বলে তিনি জানান। স্বাস্থ্য দপ্তর থেকে আজ এই সংবাদ জানানো হয়েছে।

******